# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية / এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন /
查看本文件的中文版 / Consultez ce document en français / Gade dokiman sa a an kreyòl ayisyen /
이 문서를 한국어로 보기 / Consulte este documento en español /
یہ دستاویز اردو میں ملاحظہ کریں / Перевод документа на русский язык /
schools.nyc.gov/messagesforfamilies

## 28 জানুয়ারি, 2022

আমাদের "নিরাপদে থাকুন, খোলা রাখুন" পরিকল্পনার অধীনে, মহামারী চলাকালে আমাদের স্কুলসমূহ খোলা রয়েছে এবং ছেলেমেয়েদের জন্য সবচেয়ে নিরাপদ স্থানসমূহের মধ্যে একটি হিসেবে নির্ণিত হয়েছে, এমনকি ওমিক্রনের প্রবল প্রকোপ চলাকালেও। আমরা ঐ সাফল্যের উপর ভিত্তি করে অগ্রসর হতে অঙ্গীকারবদ্ধ। পরিবারের জন্য এই আপডেট বা হালনাগাদ আমাদের সর্বসাম্প্রতিক স্বাস্থ্য ও সুরক্ষার নীতিমালা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করবে, যা সোমবার, 31 জানুয়ারি বাস্তবায়িত হবে।

## বিষয়সূচি:


- **হালনাগাদকৃত কোভিড-19 (COVID-19) বিষয়ক স্বাস্থ্য ও সুরক্ষার নীতিমালা**
  - মুদ্রণযোগ্য সিদ্ধান্ত বিষয়ক চার্টসমূহ
  - কোভিড-19 (COVID-19) কেইসের জন্য আইসোলেশন বা আলাদাভাবে থাকার জন্য সংক্ষিপ্তকৃত সময়
  - কোভিড-19 (COVID-19)-এ সংক্রামিত কারো কাছাকাছি আসার ক্ষেত্রে সংক্ষিপ্তকৃত কোয়ারেন্টাইনের সময়
  - কোভিড-19 (COVID-19) হোম টেস্ট কিট (বাড়িতে পরীক্ষার সরঞ্জাম)
  - কোভিড-19 (COVID-19)-এর কারণে পৃথককৃত শিক্ষার্থীদের জন্য দূর থেকে বা রিমোট শিক্ষা-নির্দেশনা
- **আমাদের কমিউনিটিদের সুস্থ রাখা**
  - দৈনিক সুস্থতা যাচাইকরণ বা হেলথ্ স্ক্রিনিং
  - মাস্ক (নাক-মুখের আবরণ) সম্পর্কিত স্মারক
  - কোভিড-19 (COVID-19) ভ্যাকসিন বুস্টার শট্সমূহ


# হালনাগাদকৃত কোভিড-19 (COVID-19) বিষয়ক স্বাস্থ্য ও সুরক্ষার নীতিমালা

### মুদ্রণযোগ্য সিদ্ধান্ত বিষয়ক চার্টসমূহ

পরিবারদের সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার জন্য সুস্পষ্ট তথ্য প্রয়োজন তা আমরা বুঝি। নিচে বিস্তারিত ব্যাখ্যাকৃত নীতিমালার একটি দৃশ্যমান গাইডের জন্য, schools.nyc.gov/2021health দেখুন - সেখানে যদি আপনার সন্তান কোভিড-19 (COVID-19) সংক্রামিত কারো কাছাকাছি এসে থাকে, অথবা কোভিড-19 (COVID-19) পরীক্ষার ফলাফল পজিটিভ আসলে আপনার কী কী পদক্ষেপ গ্রহণ করতে হবে, সেটার রূপরেখাকৃত দুইটি চার্ট দেয়া আছে:

- আর্লি চাইল্ডহুড (LYFE, 3-K, প্রি-K, অথবা আর্লিলার্ন) পরিবারবর্গের জন্য কোভিড-19 (COVID-19) চার্ট

- কিন্ডারগার্টেন–12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য কোভিড-19 (COVID-19) চার্ট

## কোভিড-19 (COVID-19) কেইসের জন্য আইসোলেশন বা আলাদাভাবে থাকার জন্য সংক্ষিপ্তকৃত সময়

সেন্টারস্ ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC) এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ্ (DOH)-এর পথনির্দেশনা অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) কোভিড-19 (COVID-19) পরীক্ষায় যেসব K-12 শিক্ষার্থীর পজিটিভ এসেছে তাদের জন্য আলাদাভাবে থাকার (আইসোলেশন) সময়, **10 দিন থেকে 5 দিনে** কমিয়ে এনেছে। এর অর্থ, যদি আপনার সন্তানের COVID-19 পরীক্ষার ফলাফল পজিটিভ আসে এবং সে কিন্ডারগার্টেন কিংবা এরচেয়ে উচ্চ কোনও গ্রেডে পড়ছে, তবে তার কোনও উপসর্গ না থাকলে কিংবা উপসর্গের উন্নতি হচ্ছে, এবং জ্বর হ্রাসকারী কোনো ঔষধ সেবন না করে অন্তত 24 ঘন্টা জ্বর আসেনি, এমতাবস্থায় সে ষষ্ঠ (6) দিন স্কুলে ফিরে আসতে পারে। যেসব শিক্ষার্থী আলাদা থাকার (আইসোলেশনের) পর ষষ্ঠ (6) দিন স্কুলে যোগ দেবে তাদের ষষ্ঠ থেকে দশম (6-10) দিবস একটি যথাযথভাবে ফিট হয় এমন একটি মাস্ক, যেমন KN95, KF94, অথবা একটি ডিসপোজেবল সার্জিক্যাল মাস্কের উপর একটি কাপড়ের মাস্ক পড়তে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে কোনও শিক্ষার্থী (যেকোনো গ্রেডের), যে আলাদাভাবে থাকার (আইসোলেশনের) সময় সম্পন্ন করেছে, তাদের স্কুলে ফেরার জন্য পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ প্রদর্শন করার প্রয়োজন নেই।

## কোভিড-19 (COVID-19)-এ সংক্রামিত কারো কাছাকাছি আসার ক্ষেত্রে সংক্ষিপ্তকৃত কোয়ারেন্টাইনের সময়

যেসব শিক্ষার্থী কোভিড-19 (COVID-19)-এ সংক্রামিত কারো কাছাকাছি এসেছে তাদের জন্যও CDC এবং DOH কোয়ারেন্টাইনের সময় কমিয়ে এনেছে। স্কুলে সংক্রামিত কারো কাছাকাছি আসলে, কিন্ডারগার্টেন অথবা উচ্চতর গ্রেডের শিক্ষার্থীরা স্কুলে অংশগ্রহণের জন্য হোম টেস্ট কিট (বাড়িতে পরীক্ষার সরঞ্জাম) ব্যবহার করবে। যদি আপনার সন্তান পুরোপুরি টিকাপ্রাপ্ত বা ভ্যাকসিনেটেড **না** হয়ে থাকে এবং স্কুল সেটিংয়ের বাহিরে কোভিড-19 (COVID-19)-এ সংক্রামিত কারো কাছাকাছি আসলে, আপনার সন্তানকে অবশ্যই ন্যূনতম 5 দিন কোয়ারেন্টাইন করতে হবে; এটা 10 দিন থেকে কমিয়ে ধার্য করা হয়েছে। যদি আপনার সন্তান পুরোপুরি টিকাপ্রাপ্ত বা ভ্যাকসিনেটেড হয়ে থাকে এবং স্কুলের বাহিরে সংক্রামিত কারো কাছাকাছি এসে থাকে, তবে যদি তার কোনও উপসর্গ না থাকলে সে স্কুলে অংশগ্রহণ অব্যাহত রাখতে পারবে। স্কুল প্রাঙ্গনে থাকাকালীন সময় সকল শিক্ষার্থীদের মাস্ক পরিধান বাধ্যতামূলক, এবং যেসব শিক্ষার্থী আলাদা থাকার (আইসোলেশনের) অথবা কোয়ারেন্টাইন করার পর ষষ্ঠ (6) দিন স্কুলে যোগ দেবে তাদের ষষ্ঠ থেকে দশম (6-10) দিবস একটি যথাযথভাবে ফিট হয় এমন একটি মাস্ক, যেমন KN95, KF94, অথবা একটি ডিসপোজেবল সার্জিক্যাল মাস্কের উপর একটি কাপড়ের মাস্ক পড়তে হবে।

**যেসব ছেলেমেয়ে ন্যূনতম 2 বছর বয়সী এবং LYFE, 3K, অথবা প্রি-K** ক্লাসরুমে অংশগ্রহণ করছে, তাদের যদি উপসর্গ না থেকে থাকে, দশম (10) দিবস পর্যন্ত যথাযথভাবে ফিট হয় এমন একটি মাস্ক পরিধান করতে সক্ষম, এবং কোনও স্বাস্থ্য সেবা প্রদানকারী দ্বারা গৃহীত তার কোভিড-19 (COVID-19)-এর ডায়াগনস্টিক পরীক্ষার ফলাফল নেগেটিভ এসেছে কিংবা চতুর্থ (4) ও পঞ্চম (5) দিনে বাড়িতে গৃহীত পরীক্ষার (হোম টেস্ট) ফলাফল নেগেটিভ এসেছে, শুধুমাত্র তবেই 5 দিন কোয়ারেন্টাইন করতে হবে।

**দুই (2) বছরের কম বয়সী ছেলেমেয়ে, যারা LYFE** ক্লাসরুমগুলোতে অংশগ্রহণ করছে, তাদের এখনও অবশ্যই 10 দিন পর্যন্ত কোয়ারেন্টাইন করতে হবে, কিন্তু যদি কোনও উপসর্গ না থেকে থাকে এবং পঞ্চম (5) কিংবা এর পরবর্তী কোনও দিন, একজন স্বাস্থ্য সেবা প্রদানকারী দ্বারা গৃহীত তার কোভিড-19 (COVID-19)-এর ডায়াগনস্টিক পরীক্ষার ফলাফল নেগেটিভ আসে, তবে অষ্টম (8) দিবসে স্কুলে ফিরে আসতে পারেন। এই বয়সীদের জন্য বাড়িতে গৃহীত পরীক্ষা (হোম টেস্ট) বৈধ বলে বিবেচিত নয়, যদিনা একজন স্বাস্থ্য সেবা প্রদানকারী দ্বারা তা গৃহীত হয়।

LYFE, 3-K, অথবা প্রি-K ক্লাসরুমে অংশগ্রহণকারী কোনও শিক্ষার্থী যে সংক্রামিত কারও কাছাকাছি এসেছে কিন্তু কোভিড-19 (COVID-19)-এর জন্য পরীক্ষা করায়নি, সে 10 দিনের কোয়ারেন্টাইন সম্পন্ন করে ফিরে আসতে পারবে।

যেকোনো বয়সী একজন অ-টিকাপ্রাপ্ত শিক্ষার্থী বাড়িতে কোভিড-19 (COVID-19)-এ সংক্রামিত কারো কাছাকাছি আসলে, কোভিড-19 (COVID-19)-এ সংক্রামিত ব্যক্তি ও শিক্ষার্থী যদি একই বাড়িতে বসবাস করে, তব বাড়ির সদস্যের আলাদাভাবে থাকার (আইসোলেশনের) সময় শেষ হবার পর অন্তত আরও 5 দিন কোয়ারেন্টাইন করতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করবেন: যদি আপনার সন্তান বিগত 90 দিনের মধ্যে কোভিড-19 (COVID-19) সংক্রমণ থেকে সুস্থ্ হয়ে উঠে থাকে, তবে সংক্রামিত কারো কাছাকাছি এসে থাকলে তাকে কোয়ারেন্টাইন করতে হবে না এবং যদি কোভিড (COVID) সদৃশ উপসর্গ বা লক্ষণ যদি দেখা না যায় তাহলে স্কুলে অংশগ্রহণ করতে পারবে।

### কোভিড-19 (COVID-19) হোম টেস্ট কিট (বাড়িতে পরীক্ষার সরঞ্জাম)

স্কুলে কোভিড-19 (COVID-19)-এ সংক্রামিত কারো কাছাকাছি আসলে 2 এবং এরচেয়ে বেশী বয়সী শিক্ষার্থীদের দুইটি টেস্ট দেয়া হবে। টেস্ট কিটগুলোতে নির্দেশনা মুদ্রিত থাকে, যেগুলো পরীক্ষা বা টেস্ট করার সময় আপনার অনুসরণ করা উচিত। এছাড়াও আপনার টেস্ট কিটটি কীভাবে ব্যবহার করতে হবে, সেবিষয়ে আপনি বহুবিধ ভাষায় ভিডিও schools.nyc.gov/HomeRapidTestKits -সাইটে দেখতে পারেন।

অনুগ্রহ করে লক্ষ্য করবেন: যদি আপনার সন্তান বিগত 90 দিনের মধ্যে কোভিড-19 (COVID-19) সংক্রমণ থেকে সুস্থ্ হয়ে উঠে থাকে, তবে সে একটি টেস্ট কিট পাবে না এবং যদি কোভিড (COVID) সদৃশ উপসর্গ বা লক্ষণ দেখা না গেলে, স্কুলে অংশগ্রহণ করতে পারবে।

### কোভিড-19 (COVID-19)-এর কারণে পৃথককৃত শিক্ষার্থীদের জন্য দূর থেকে বা রিমোট শিক্ষা-নির্দেশনা

কোনও শিক্ষার্থীর কোভিড-19 (COVID-19) পরীক্ষার ফলাফল পজিটিভ আসলে এবং বাড়িতে অবস্থান করলে, তার অযুগপৎ (অ্যাসিঙ্ক্রোনাস) দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা-নির্দেশনা পাবার এবং শিক্ষকের লভ্যতার ভিত্তিতে অফিসের সময় তাঁর সাথে যোগাযোগ করার অধিকার আছে। সেসব পরিস্থিতিতে কীভাবে ছেলেমেয়েরা দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা-নির্দেশনা এবং অফিস আওয়ার পেতে পারে, সেবিষয়ে আপনার স্কুল বিস্তারিত তথ্য প্রদান করবে।

## আমাদের কমিউনিটিদের সুস্থ্ রাখা

### দৈনিক সুস্থতা যাচাইকারক (হেলথ স্ক্রিনার)

সোমবার, 31 জানুয়ারি থেকে শুরু করে, দৈনিক সুস্থতা যাচাইকরণ বা হেলথ্ স্ক্রিনিং সংশোধিত হয়ে স্বাস্থ্য বিষয়ক নতুন নীতিমালা এবং কোভিড-19 (COVID-19) সংক্রমণ থেকে যারা সুস্থ হয়েছে তাদের জন্য বিকল্পসমূহের প্রতিফলন ঘটাবে। অনুগ্রহ করে, আপনার সন্তানকে প্রতিদিন স্কুলে আসার আগে সুস্থতা যাচাইকারক (হেলথ স্ক্রিনার)-টি পূরণ করতে সহায়তা করুন।

### মাস্ক (নাক-মুখের আবরণ) সম্পর্কিত স্মারক

DOE-এর মাস্ক (নাক-মুখের আবরণ) সংক্রান্ত নীতি বলবৎ রয়েছে। দুই বছরের বেশি বয়সী সকল শিক্ষার্থীদের DOE-এর কোনও বিল্ডিংয়ে প্রবেশ করতে হলে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে, যদিনা তাদের চিকিৎসাজনিত কারণে কোনও ছাড় রয়েছে। মাস্ক বা নাক-মুখের আবরণ DOE প্রাঙ্গনের অভ্যন্তরে ও বাহিরে উভয়স্থলেই পরিধান করতে হবে, কোভিড-19 (COVID-19)-এর টিকা বা ভ্যাকসিন গ্রহণের স্ট্যাটাস যাই হোক না কেন।

ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) সুপারিশ করে যে, সকল ব্যক্তির দুইটি মাস্ক অথবা KN95 কিংবা KF94-এর মত একটি উচ্চ-মানসম্পন্ন মাস্ক পরিধান বিবেচনা করা উচিত। একটি ডিসপোজেবল মাস্কের উপর একটি কাপড়ের মাস্ক পরিধান করলে, তা যথাযথভাবে ফিট হয় এবং একটি সুরক্ষামূলক বাড়তি স্তর যোগ করে।

## কোভিড-19 (COVID-19) ভ্যাকসিন বুস্টার শট্সমূহ

বার (12) এবং এরচেয়ে বেশী বয়সী শিক্ষার্থীরা, যারা অন্তত পাঁচ মাস আগে ফাইজার-বায়োনটেক (Pfizer-BioNTech)-এর দ্বিতীয় টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেছে, তারা কোভিড-19 (COVID-19)-এর বিরুদ্ধে প্রতিরোধক আরও শক্তিশালী করার জন্য এখন বুস্টার শট গ্রহণ করতে পারবে এবং আমাদের কমিউনিটিকে ভাইরাসের বিরুদ্ধে সুরক্ষা পেতে সহায়তা করবে। অরিরিক্তভাবে, 5 থেকে 11 বছর বয়সী সুনির্দিষ্ট কোনও রোগ-প্রতিরোধ ক্ষমতাহীন যেসব ছেলেমেয়ে, অন্তত 28 দিন আগে তাদের ফাইজার-বায়োনটেক (Pfizer-BioNTech)-এর প্রাথমিক টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেছে, তারা এখন একটি বুস্টার শট গ্রহণ করার যোগ্য। CDC এবং DOH সকল যোগ্য নিউ ইয়র্কবাসীদের কোভিড-19 (COVID-19) ভ্যাকসিনের বুস্টার শট গ্রহণ করার জন্য জোর সুপারিশ করছে, যা বিনামূল্যে প্রদত্ত এবং সর্বত্র লভ্য। আপনার নিকটবর্তী কোনও ভ্যাকসিন কেন্দ্র বা সাইট খুঁজতে, nyc.gov/organics দেখুন।

বুস্টার শট বিষয়ে আপনার যদি কোনও প্রশ্ন থেকে থাকে, তবে অনুগ্রহ করে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন অথবা 311 নম্বরে ফোন করুন।